

2
3. Duplicate Registration Certificate

নং-ইএসএস/বরি/২৪/অফিস ভাড়া-পার্ট-২/০৯/

এতদ্বারা সকল নৌবান মালিকদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, নৌবানের হস্তান্তরের বিষয়াদি অত্র কার্যালয় থেকে দ্রুত ও সহজ উপায়ে নিম্নলিখিত নিম্নোক্ত ডকুমেন্ট সহকারে আবেদন করতে হবে।

ক্রমিক নং	ক্রম বিক্রয়ের ক্ষেত্রে	ক্রমিক নং	সুস্থায়ীকৃত ক্ষেত্রে
০১।	ক্রমকারী মালিক কর্তৃক প্যাডে আবেদন	০১।	ওয়ারিশ কর্তৃক প্যাডে আবেদন।
০২।	অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে ক্রেতা পরিশিষ্ট ক এবং ক(১) ফরমে স্বাক্ষর প্রদান।	০২।	অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে পরিশিষ্ট ক এবং ক(১) ফরমে স্বাক্ষর প্রদান।
০৩।	রেজিস্ট্রেশন ফি (জমা কোড : ১/৫২৩৪/০০০০/১৮২১) এবং জমার স্বপক্ষে সিটিআর করাতে হবে।	০৩।	রেজিস্ট্রেশন ফি (জমা কোডঃ ১/৫২৩৪/০০০/১৮২১) এবং জমার স্বপক্ষে সিটিআর করাতে হবে।
০৪।	ফ্রেতার ভোটার আইডি কার্ড এবং ২টি রবীন ছবি (সত্যায়িত)।	০৪।	ওয়ারিশের ভোটার আইডি কার্ড এবং ২টি রবীন ছবি (সত্যায়িত)
০৫।	বিক্রয় সংক্রান্ত দলিলাদীর সত্যায়িত ফটোকপি (দানের ক্ষেত্রে দান দলিল)।	০৫।	এলাকার ওয়ার্ড কমিশনার কর্তৃক ওয়ারিশ নামার সনদ পত্র।
০৬।	মামলা নেই মর্মে মেরিন কোর্টের অনাপত্তির ছাড়পত্র।	০৬।	মামলা নেই মর্মে মেরিন কোর্টের অনাপত্তির ছাড়পত্র।
০৭।	বিক্রেতাকে অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে হস্তান্তর ফরম 'গ' এ স্বাক্ষর প্রদান এবং বিক্রেতার ভোটার আইডি কার্ডের ফটোকপি।	০৭।	ওয়ারিশগণ কর্তৃক বিক্রয়ের ক্ষেত্রে সম্পাদিত বিক্রয় দলিলের সত্যায়িত কপি এবং অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে হস্তান্তর ফরম 'গ' এ স্বাক্ষর প্রদান
০৮।	নাম পরিবর্তন ক্ষেত্রে সমুদ্র পরিবহন অধিদপ্তরের ছাড়পত্র এবং তৎক্ষেত্রে নৌবানের নাম পরিবর্তন ফি।	০৮।	নাম পরিবর্তন ক্ষেত্রে সমুদ্র পরিবহন অধিদপ্তরের ছাড়পত্র এবং তৎক্ষেত্রে নৌবানের নাম পরিবর্তন ফি।
০৯।	যাত্রীবাহী নৌবানের ক্ষেত্রে হালনাগাদ নৌ-সুর্যোগ যাত্রী কল্যান ট্রাস্ট ফান্ডে চাঁদা প্রদানের ছাড়পত্র।	০৯।	যাত্রীবাহী নৌবানের ক্ষেত্রে হালনাগাদ নৌ-সুর্যোগ যাত্রী কল্যান ট্রাস্ট ফান্ডে চাঁদা প্রদানের ছাড়পত্র।
১০।	হালনাগাদ কনজারভেন্সী সনদ এর ফটোকপি।	১০।	হালনাগাদ কনজারভেন্সী সনদ এর ফটোকপি।
১১।	হালনাগাদ সার্ভে সনদ এর কপি।	১১।	হালনাগাদ সার্ভে সনদ এর কপি।
১২।	পূর্বের জারীকৃত মূল রেজিস্ট্রেশন সনদ পত্র ফেরত প্রদান।	১২।	হালনাগাদ সার্ভে সনদ এর কপি।
১৩।	আহাজের পায়ে নিবন্ধন নাথার এম এস প্লেট ধারা স্থাপনের ছবি।	১৩।	জাহাজের গায়ে নিবন্ধন নাথার এম এস প্লেট ধারা স্থাপনের ছবি।

- লিমিটেড কোম্পানী ক্ষেত্রে নিম্নবর্ণিত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করতে হবে।
- (ক) বিক্রয় সংক্রান্ত বিষয়ে সভার নোটিশ। (খ) বোর্ড রেজুলেশন প্রত্যয়ন পত্র (ক্ষমতা অর্পণ সংক্রান্ত)।
- (গ) পরিচালক মন্ডলীর হালনাগাদ ডালিকা। (ফরম- XII) (ঘ) পরিচালকবৃন্দের স্বাক্ষরিত কোম্পানীর মেমোরেভাম অব আর্টিকেলস বই।
- অর্থলগ্নীকারক প্রতিষ্ঠান থেকে দায়মুক্ত হবার ক্ষেত্রে
- (ক) দায় বন্ধ/ দায়মুক্ত হবার ছাড়পত্র।
- (খ) ব্যাংকের অথরাইজেশন লেটার সহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক (সীলমোহর সহ) অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে লি ফরমে স্বাক্ষর প্রদান।
- ইঞ্জিন পরিবর্তন ক্ষেত্রে-
- ১। মালিক কর্তৃক প্যাডে আবেদন। ২। অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে পরিশিষ্ট ক এবং ক(১) ফরম পূরণ।
- ৩। রেজিস্ট্রেশন ফি (জমা কোড : ১/৫২৩৪/০০০০/১৮২১ জমার স্বপক্ষে সিটিআর করাতে হবে)।
- ৪। ইঞ্জিনের ক্যাশ মেমো (স্পেসিফিকেশন সহ) ৫। হালনাগাদ সার্ভে সনদ এর কপি।
- ৬। পূর্বের জারীকৃত মূল রেজিস্ট্রেশন প্রত্যয়ন পত্র ফেরত প্রদান।
- ডুপ্লিকেট রেজিস্ট্রেশন সনদ জারীর ক্ষেত্রে-
- ১। মূল মালিকের প্যাডে আবেদন পত্র। ২। ডুপ্লিকেট রেজিস্ট্রেশন ফি। ৩। মূল রেজিস্ট্রেশন হারানো বিষয়ে ধানায় সাধারণ ডায়েরী।
- ৪। জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির ফটোকপি। ৫। হালনাগাদ সার্ভে সনদের কপি।

উল্লিখিত তথ্যাদি সহকারে আবেদন করা হলেই অত্র কার্যালয় কর্তৃক বাচাই করা হবে। এখানে উল্লিখিত দাবিলকৃত তথ্যাদিতে যদি কোন ঘাটতি পাওয়া যায় সে সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অত্র কার্যালয়ে যোগাযোগ করে সহযোগিতা করতে হবে।

প্রাপ্ত তথ্যাদি বধ্যবৎ হলে বিক্রেতাকে হস্তান্তর ফরম গ(সি) ফরম) এবং ক্রেতাকে ফরম ক এবং ক(১) স্বাক্ষরের লিহিন্ডে অত্র কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য টাইম সিডিউল দেওয়া হবে। নির্ধারিত টাইম সিডিউল অনুযায়ী অত্র কার্যালয়ে উপস্থিত হয়ে বিক্রেতা এবং ক্রেতা কর্তৃক যথাক্রমে গ ফরম এবং ক এবং ক(১) ফরমে স্বাক্ষর গ্রহণের পর অভ্যন্তরীণ নৌবান রেজিস্ট্রার কর্তৃক বাচাই সাপেক্ষে অনুমোদন করা হবে। অনুমোদিত হওয়ার পর সাথে সাথে নুভন নৌবান মালিককে অস্থায়ী রেজিস্ট্রেশন পারমিট প্রদান করা হবে।

সংশ্লিষ্ট নৌবানটির মালিকানা হস্তান্তরের বিষয়ে কোন প্রকার আপত্তি অভিযোগ উত্থাপিত না হলে অস্থায়ী রেজিস্ট্রেশন পারমিট প্রদানের তারিখ হতে ২(দুই) মাস পর নুভন মালিকের স্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্তির লক্ষ্যে পুনঃ আবেদনের ক্ষেত্রে মূল অস্থায়ী রেজিস্ট্রেশন ফেরত গ্রহণ করে মূল স্থায়ী রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করা হবে।

আশা করি বর্ণিত নিয়ম অনুসরণ করে সংশ্লিষ্ট সকলে দ্রুত ও সহজ নৌবানের রেজিস্ট্রেশন লাভ করতে পারবেন। এ লক্ষ্য বাস্তবায়নে আপনাদের সহযোগিতা কাঙ্ক্ষ্য।

স্বাক্ষর - মুরশিদুল হক
স্বাক্ষর - মুরশিদুল হক

(মোঃ মুজিব উদ্দিন জুলফিকার)
প্রকৌশলী ও জাহাজ জরিপকারক
এবং
অভ্যন্তরীণ নৌবান রেজিস্ট্রার
বরিশাল।